



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**6 AUGUST 2024**

**7:35 AM IST**

জাতীয় গনতান্ত্রিক মোর্চা সরকার দেশে স্বাস্থ্য ক্ষেত্রে সর্বাধিক অগ্রাধিকার দিচ্ছে । গতকাল লোকসভায় ২০২৪-২৫ অর্থবছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনে অনুদান দাবী সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা বলেন যে স্বাস্থ্য ক্ষেত্রে ২০১৩ -১৪ অর্থবছরে ৩৩ হাজার ২৭৮ কোটি টাকার বাজেট বরাদ্দ করা হয়েছিল যা ২০২৪ সালে ৯০ হাজার ৯৫৮ কোটি টাকায় বৃদ্ধি করা হয়েছে । বৃদ্ধির হার ১৬৪ শতাংশ । শ্রী নাড্ডা বলেন যে সরকার স্বাস্থ্য ক্ষেত্রের বাজেট ক্রমশ বৃদ্ধি করে আসছে এবং বর্তমানে তা মোট ঘরুয়া উৎপাদনের ১ দশমিক ৯ শতাংশ স্পর্শ করেছে । স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন যে এন ডি এ সরকারের শাসনকালে ২২ টি এইমসের অনুমোদন জানানো হয় এবং এর মধ্যে ১৮ টি বর্তমানে কর্মক্ষম রয়েছে এবং চারটির নির্মাণকার্য অব্যাহত রয়েছে ।

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে উচ্চ সতর্কতা জারী করা হয়েছে । এছাড়া সীমান্ত অঞ্চলে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা ছাড়াও অতিরিক্ত সশস্ত্র বাহিনী মোতায়েন করা হয়েছে ।

বরাক উপত্যকার কাছাড় ও করিমগঞ্জ জেলার সঙ্গে সংযোগকারী ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত এলাকা গুলিতেও নজরদারী ব্যবস্থা আরো কঠোর করা হয়েছে । উল্লেখ্য বাংলাদেশে ছাত্র আন্দোলন এবং এর পরবর্তীতে স্থানে স্থানে বিক্ষোভ কার্যসূচী শুরু হওয়ার সময় থেকেই কাছাড় জেলার কাটিগড়া এলাকার ভারত-বাংলাদেশ সীমান্তে ও করিমগঞ্জ জেলার স্থল ও জল সীমান্তে ১৪৪ ধারা জারী করা হয় ।

কেন্দ্রীয় সরকার বাংলাদেশের রাজনৈতিক অস্থিরতার প্রতি লক্ষ্য রেখে এয়ার ইন্ডিয়ার ঢাকা অভিমুখি সব বিমান বাতিলের কথা ঘোষণা করেছে। এয়ার ইন্ডিয়ার পক্ষ থেকে জানানো হয়েছে যে বাংলাদেশ যাওয়া সব যাত্রীদের টিকিটের মূল্য ফিরিয়ে দেওয়া হবে। এজন্য যাত্রীদের ০১১-৬৯৩২৯৩৩৩ নম্বরে ফোন করে যোগাযোগ করতে বলা হয়েছে।

---

জাতীয় শিক্ষানীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তির সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র রাজ্যে শিক্ষা সপ্তাহ পালন করা হচ্ছে। সমগ্র শিক্ষা আসামের মিশন সঞ্চালক জানিয়েছেন যে আজ ৬ই আগস্ট এফ এল এন দিবস, আগামীকাল ৭ই আগস্ট ক্রীড়া দিবস, ৮ই আগস্ট সাংস্কৃতিক দিবস, ৯ই আগস্ট দক্ষতা বিকাশ ও ডিজিট্যাল পদক্ষেপ দিবস, ১০ই আগস্ট বিদ্যালয় পরিপুষ্টি দিবস এবং ১১ই আগস্ট সম্প্রদায় সংযুক্তিকরণ দিবস হিসেবে পালন করা হবে।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে সাপ্তাহিক দুটি ট্রেনের পরিষেবা বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে। সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে শিলচর-নাহরলগুন বিশেষ যাত্রী ট্রেনটি আগামী ৩১শে মার্চ পর্যন্ত এবং গৌহাটী-আগরতলা বিশেষ যাত্রী ট্রেনটি আগামী ২৮শে মার্চ পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আগামী ১০ই আগস্ট পর্যন্ত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

এদিকে গুয়াহাটী মহানগরীতে গতকাল বিকেল থেকে শুরু হওয়া ভারী বৃষ্টিপাতের ফলে মহানগরীর চান্দমারী, শিলপুখুরী, জু রোড, গনেশগুড়িতে কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে।

---

আসাম সরকারের নির্দেশ অনুযায়ী কাছাড় জেলার ২০২১ সালের আগস্ট মাস থেকে ২০২৩ সালের আগস্ট মাসের মধ্যে ই-শ্রম পোর্টালে নাম পঞ্জীয়ন করা ব্যক্তিদের রেশন কার্ডের জন্য আবেদন জমা দেওয়ার শেষ তারিখ আগামী ১০ই আগস্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এই নির্দেশ অনুযায়ী যাদের নাম ই-শ্রম তালিকায় রয়েছে তাদের সংশ্লিষ্ট চক্র আধিকারিক, খন্ড উন্নয়ন আধিকারিক, পৌরসভার কার্যবাহী আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে। এছাড়াও রেশনকার্ড সংযোজনের জন্য আবেদনপত্র জেলা খাদ্য ও সরবরাহ বিভাগের কার্যালয়েও গ্রহণ করা হচ্ছে।

---

---

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের পক্ষ থেকে গতকাল গুয়াহাটীর জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে দলের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক শিবদাস ঘোষের ৪৮তম প্রায়ন দিবস পালন করা হয়। দলের আসাম রাজ্য সম্পাদক চন্দ্রলেখা দাসের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় দলের পলিটবুরো সদস্য অসিত ভট্টাচার্য্য মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। সকাল ৯টায় দলের রাজ্য কমিটির পক্ষ থেকে শিবদাস ঘোষের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে। সভায় কেরল, হিমাচল প্রদেশ ও উত্তরা খন্ডের বিধুংসী ভূমিধূসে মৃত ব্যক্তিদের উদ্দেশ্যে শোক প্রস্তাব পাঠ করে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে।

---

---

আকাশবানী শিলচর কেন্দ্রের প্রাক্তন সঙ্গীত সংযোজক প্রদোষ বিশ্বাস স্বল্প রোগভোগের পর গতকাল সকালে কলকাতায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। প্রদোষ বিশ্বাস আকাশবানী শিলচর কেন্দ্রের জন্মলগ্ন থেকেই সঙ্গীত সংযোজক হিসেবে কার্য নির্বাহ করে গেছেন। পরবর্তীকালে তিনি আকাশবানী কলকাতা কেন্দ্রে বদলি হন এবং সেখানেই অবসর গ্রহন করেন। প্রদোষ বিশ্বাসের মৃত্যুতে আকাশবানী শিলচর কেন্দ্রের কর্মচারী ও আধিকারিকদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়েছে।

---

---

ধলাই-র বেসরকারী স্বৈচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজম্যানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় এল আর ফুটবল দল খেলবে ছোট শালগঙ্গা এফ সি দলের বিরুদ্ধে।

বাম নিত্যনন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় পাওয়া এফ সি ১-০ গোলের ব্যবধানে পানিসাগর মোকাম এফ সি- দলকে পরাজিত করেছে।

---

---